

একটাই লক্ষ্য  
হতে হবে দক্ষ



গণভোট ২০২৬  
সংসদ নির্বাচন  
দেশের চানি  
আপনার হাতে

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭।  
www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৪০৪.০১.০০১.২৬-৭০৬/২০২২

তারিখ : ০৫ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ  
১৯ জানুয়ারি, ২০২৬ খ্রি.

বিষয়: ঘাটতি কাগজ জমাদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে জানানো যাচ্ছে যে, অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স (১ বছর মেয়াদি) শিক্ষাক্রমের নিম্নলিখিত প্রতিষ্ঠানসমূহের পাঠদান/টেকনোলজি সংযোজন সংক্রান্ত আবেদনপত্র যাচাই বাছাই করে দেখা যায় যে, প্রতিষ্ঠানসমূহ আংশিক কাগজ জমা দেওয়ায় আবেদনসমূহ নিষ্পন্ন করা সম্ভব হয়নি। স্ব-স্ব প্রতিষ্ঠানের নামের পার্শ্বে উল্লিখিত নিম্নরূপ ঘাটতিসমূহ পরিলক্ষিত হয়। ঘাটতি কাগজগুলো ০৫ ফেব্রুয়ারি, ২০২৬ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

ক্র. নং	প্রতিষ্ঠানের নাম ঠিকানা ও কোড	ঘাটতির বিবরণ
১.	দেশ টেকনিক্যাল ইনস্টিটিউট গ্রাম/মহল্লাঃ ওয়ার্ড-১৫, নবগ্রাম রোড ফরেস্টার বাড়ি পোস্টঃ বরিশাল সদর, উপজেলাঃ বরিশাল জেলাঃ বরিশাল	১। ভবনের হালনাগাদ খাজনার কপি নাই। মাঠ ও পুকুরের খাজনা, খতিয়ান নাই। ২। দুরত্ব সনদ যথাযথ নয়। ৩। সাধারণ তহবিলের হালনাগাদ স্টেটমেন্ট নাই। ৪। মূল অঙ্গীকারনামার প্রতি পাতায় স্বাক্ষর নাই। ৫। যন্ত্রপাতির ক্রয় ডাউচার নাই। ৬। নীতিমালার পরিশিষ্ট-০৬ মোতাবেক জনবল তালিকা কপিসহ সকলের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ কপি নাই।
২.	সিটিজেন প্রফেশনাল ইনস্টিটিউট গ্রাম/মহল্লাঃ ধরমপুর (নয়াপাড়া), পোস্টঃ বগুড়া-৫৮০০, উপজেলাঃ বগুড়া সদর জেলাঃ বগুড়া	১। ভবনের মালিকানা ও জনের কিছু ভাড়ার চুক্তিনামায় ২ জনের স্বাক্ষর রয়েছে। ২। ভবন ভাড়ার সহিত লে-আউটে মিল নেই।
৩.	শারীরিক শিক্ষা টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট গ্রাম/মহল্লাঃ ফতেয়াবাদ, ১নং ওয়ার্ড, পোস্টঃ ফতেয়াবাদ-৪৩৩৫ উপজেলাঃ হাটহাজারি, জেলাঃ চট্টগ্রাম সিটি কর্পোরেশন।	বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত সংশ্লিষ্ট নীতিমালা-২০২৪ এর ৪(খ) অনুযায়ী নামকরণ যথাযথ নয়।
৪.	নিরন্তর টেকনিক্যাল ইনস্টিটিউট গ্রাম/মহল্লাঃ বোয়ালিয়া, পোস্টঃ গোবিন্দগঞ্জ, উপজেলাঃ গোবিন্দগঞ্জ জেলাঃ গাইবান্ধা।	১। ভবনের মালিকানার খাজনা ও খতিয়ানের মিল নাই। ২। লে-আউট প্ল্যান যথাযথ নয়। রুমের/ কক্ষের নাম উল্লেখ নাই। ৩। সংরক্ষিত তহবিলের হালনাগাদ স্টেটমেন্ট নাই। ৪। মূল অঙ্গীকারনামার প্রতি পাতায় স্বাক্ষর নাই। ৫। শিক্ষক মোছাঃ শাহজাদী পারভিন এর অভিজ্ঞতার সনদ নাই। ৬। যন্ত্রপাতি, আসবাবপত্রের ক্রয়ের ডাউচার নাই। ৭। পাঠ্য বইয়ের তালিকা নাই।
৫.	ঢাকা ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি গ্রাম/মহল্লাঃ আটবাজার, পোস্টঃ কেরানীগঞ্জ, উপজেলাঃ কেরানীগঞ্জ জেলাঃ ঢাকা	বিগত ২৪/১১/২০২৪ খ্রি তারিখের মধ্যে ঘাটতি কাগজ পত্র জমাদানের জন্য নোটিশ প্রদান করা হয়েছে। অবহিত করার পরেও কোন যোগাযোগ না করায় আবেদনটি বাতিল করা হলো।
৬.	ইনফরমেশন টেকনোলজি ভিশন ট্রেনিং ইনস্টিটিউট গ্রাম/মহল্লাঃ সুইহারি, পোস্টঃ দিনাজপুর-৫২০০, উপজেলাঃ দিনাজপুর সদর, জেলাঃ দিনাজপুর।	১। কোটার প্রাপ্যতা নাই।

অধ্যক্ষ/পরিচালক  
সংশ্লিষ্ট প্রতিষ্ঠান।

(প্রকৌ. বি. এম. আমিনুল ইসলাম)  
পরিদর্শক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।  
ইমেইল: inspector@bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৪০৪.০১.০০১.২৬-৭০৬ (৭)/২০২২

তারিখ : ০৫ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ  
১৯ জানুয়ারি, ২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে না'ও হতে পারে):

- ১। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২-৪। পরিচালক(কারিকুলাম)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক(কিউএআইআর), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, বাকাশিবো, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। অফিস কপি।

(প্রকৌশলী মোহাম্মদ সামসুল আলম)  
উপপরিদর্শক (শর্ট কোর্স)  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।  
ই-মেইল: engr.shams@yahoo.com